# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.04.24** **Time: 07.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের  প্রচার জোরদার হয়ে উঠেছে। বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ এরাজ্যে প্রচারে আসছেন।

২) প্রথম দফার ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা এখন উত্তরবঙ্গে।

৩) ভূপতিনগরে আধিকারিকদের ওপর হামলার ঘটনায় এন আই এ দায়ের মামলার আজ কলকাতা হাইকোর্টে শুনানি হওয়ার সম্ভাবনা।

৪) নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের মুখ্য সচিবের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেছেন হাইকোর্ট

৫) শিক্ষক ও শিক্ষাকর্মীদের স্বেচ্ছা অবসরের নিয়ম পরিবর্তন করা হচ্ছে।

৬) আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার জোরদার হয়ে উঠেছে।

দলীয় প্রার্থীর হয়ে আজ এরাজ্যে প্রচারে আসছেন প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট লোকসভা কেন্দ্রের প্রার্থী, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সমর্থনে তিনি দৌলতপুরে জনসভা করবেন। এপর রওনা হয়ে যাবেন বিহারের উদ্দেশ্যে।

তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল হুগলীর সিঙ্গুরে দলীয় কর্মীদের নিয়ে এক সভা করেন। আজও তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে।

বামফ্রন্ট ও কংগ্রেস প্রার্থীরাও বিভিন্ন জায়গায় মিটিং মিছিল করে প্রচার চালাচ্ছেন।

দক্ষিণ কলকাতায় বামফ্রন্ট মনোনীত সি পি আই এম প্রার্থী সায়রা শা হালিম আজ ৬৬ নম্বর ওয়ার্ড পরিক্রমা করবেন।

যাদবপুর কেন্দ্রে সি পি আই এম প্রার্থী সৃজন ভট্টাচার্যের সমর্থনে এইট-বি থেকে গড়িয়া পর্যন্ত আজ এক মহা মিছিলের আয়োজন করা হচ্ছে।

ব্যারাকপুরে সি পি আই এম প্রার্থী দেবদূত ঘোষের সমর্থনেও হালিশহর পবনতলায় আজ বিকেলে এক জনসভা করা হবে।

oooooooooooooooooooooo

প্রথম দফার ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা, তিন দিনের ্সফরে এখন উত্তরবঙ্গে ।

নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি ও নিরাপত্তা ব্যবস্থা নিয়ে জেলা নির্বাচন আধিকারিক ও ভোট প্রস্তুতির সঙ্গে যুক্ত অফিসারদের সঙ্গে তিনি বৈঠক করবেন ।

এদিকে গতকাল রাজ্য নির্বাচন আধিকারিকের দপ্তরে গতকাল অনিল কুমার শর্মা অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিকদের সঙ্গে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে পর্যলোচনা বৈঠকে কিছুটা অসন্তোষ প্রকাশ করেন বলে জানা গেছে। তারপরই স্থির হয়, আগামী শনিবার ১৩'ই এপ্রিল দিল্লিতে নির্বাচন কমিশনের সদর দপ্তরে একটি ভার্চুয়াল বৈঠকে, প্রথম দফার ভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, ১০০ শতাংশ বুথে ওয়েব কাস্টিং সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। বৈঠকে উপস্থিত থাকবেন মুখ্য নির্বাচন কমিশনার ও তাঁর দপ্তরের আধিকারিক, দুই বিশেষ পর্যবেক্ষক, সংশ্লিষ্ট জেলাশাসক ও স্থানীয় পর্যবেক্ষকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে এ রাজ্যে জল্পাইগুরি, আলিপুরদুয়ার ও কোচবিহার এই তিন টি আসনে ৩৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন।

এই দফায় কোচবিহার কেন্দ্রে ১৯ লক্ষ ৬৬ হাজারের বেশি, আলিপুরদুয়ারে ১৭ লক্ষ ৭৩ হাজারের বেশি, এবং জলপাইগুড়ি কেন্দ্রে প্রায় ১৮ লক্ষ ৮৬ হাজার ভোটদাতা রয়েছেন।

এদিকে,দ্বিতীয় দফায় এরাজ্যের তিন আসন- দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট কেন্দ্রে মোট ৪৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনে এবার CPI( M - L) লিবারেশন এরাজ্যে একটি আসনে প্রার্থী দিচ্ছে। দলের সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন, সজল দে বর্ধমান পূর্ব আসনে প্রতিদ্বন্দ্বীতা করবেন।

এছাড়া রাজ্যের অন্য কোথাও দল প্রার্থী দিচ্ছে না এবং অন্য কোনো দল কে সমর্থন ও করছে না বলে তিনি জানান। তবে বিজেপি কে পরাজিত করার আহবান জানিয়ে তিনি বলেন -

(বাইট - দীপঙ্কর)

তৃতীয়বার নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিজেপি সরকার ক্ষমতায় এলে দেশে গনতন্ত্র বলে কিছুই থাকবে না ।

সাংবাদিক বৈঠকে দীপঙ্কর বাবু দলের নির্বাচনী ইশতেহার প্রকাশ করেন। এতে সকলের জন্য সম নাগরিকত্ব, শ্রমিক কর্মচারিদের মর্যাদা বৃদ্ধি, কৃষির পুনরুজ্জীবন, শহরে সকলের অধিকার নিশ্চিত ,করা, সামাজিক কল্যাণ প্রসারিত করা, সকলের জন্য শিক্ষা, সরকারি স্বাস্থ্য পরিষেবা শক্তিশালী করা, পরিবেশ সুরক্ষা সহ বিভিন্ন বিষয়ের উপর গুরুত্ব দেয়া হয়েছে।

উপস্থিত ছিলেন, দলের রাজ্যে সম্পাদক অভিজিৎ মজুমদার, পলিটব্যুরোর সদস্য কার্তিক পাল, এবং ডাক্তার পার্থ ঘোষ।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশনের নির্দেশে ভোটারদের মনোবল বাড়াতে জেলাশাসক ও জেলাপুলিশ সুপারের উপস্থিতিতে গত সন্ধ্যায় বর্ধমানে রুট মার্চ করে কেন্দ্রীয় বাহিনী । বর্ধমান রেলস্টেশন থেকে থেকে শুরু করে পাঞ্জাবি পাড়া লক্ষ্মীপুরসহ বিভিন্ন জায়গায় টহল দে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

জেলাশাসক কে রাধিকা আইয়ার জানান, কমিশনের নির্দেশে ভোটারদের মনোবল বাড়াতে এই উদ্যোগ। যেসব বুথ গুলিকে উত্তজনা প্রবন হিসেবে চিহ্নিত করা করা হয়ে সেখানে গিয়ে ভাটারদের সাথে তাঁরা কথা বলছেন। বেশ কিছু অভিযোগ উঠে এসেছে। সেগুলি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

oooooooooooooooooooo

আসন্ন লোকসভা নির্বাচনের প্রথম দফার ভোটের আগে ফের উত্তপ্ত কোচবিহারের দিনহাটা ফের উত্তপ্ত । দিনহাটা দু নম্বর ব্লকের সালমারা এলাকায় গতকাল তৃণমূল নেতার গাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। তৃণমূলের অভিযোগ প্রচার চলাকালীন বিজেপির লোকজন, নাজিরহাট দুই

নম্বর গ্রাম পঞ্চায়েতের বটতলা এলাকায় জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ কুমার প্রশান্ত নারায়ন এর গাড়ি ভাঙচুর করে।

এদিকে , বিজেপির দাবি তৃণমূলের লোকজন এলাকায় ভয় দেখাচ্ছিল সাধারণ মানুষ প্রতিবাদ করায় সেখান থেকে পালাতে গিয়ে তৃণমূল নেতার গাড়ি দুর্ঘটনায় পড়লে গাড়ির কাঁচ ভেঙে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

লিলুয়া থানার এন রোডে গুলি চালানোর ঘটনাতে তিনজনকে গ্রেফতার করেছে হাওড়া সিটি পুলিশ। ধৃতদের নাম পীযুষ মন্ডল, রাকেশ ঝাঁ, শুভঙ্কর ওরফে শুভ। ধৃতদের গতকাল হাওড়া আদালতে তোলা হলে ৬ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। পুলিশ সূত্রে খবর এই কাণ্ডে মূল অভিযুক্ত পীযুষ মন্ডলকে সোমবার রাতে তার বাড়ির কাছ থেকেই গ্রেফতার করা হয়। ঘটনার দিন ব্যবহৃত মোটর বাইকটিও উদ্ধার হয়েছে।

পীযুষকে জেরা করে গতকাল শুভঙ্কর কোলে ওরফে শুভ ও রাকেশ ঝাঁ-কে গ্রেপ্তার করে। তাদের কাছ থেকে বেশ কয়েকটি আগ্নেয়াস্ত্র ও কার্তুজ উদ্ধার করা হয়েছে।

প্রাথমিক তথ্য অনুযায়ী মূলত সাটটা ও অস্ত্র মামলায় এদের নামে অভিযোগ ছিল। যদিও এই অস্ত্র কোথা থেকে কার মাধ্যমে আসতো সেটা তদন্ত করে দেখা হচ্ছে। এছাড়াও আক্রান্ত ব্যক্তির কাছে ভালো পরিমানে অর্থ এসেছিল। সেই অর্থ থেকে অভিযুক্তরা টাকা দাবি করে না পেয়ে এই হামলার ছক কষা হয়েছিল বলেই তদন্তে উঠে এসেছে বলেই জানিয়েছে তদন্তকারী অধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে তাদের আধিকারিকদের উপর হামলার ঘটনায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হল ‘জাতীয় তদন্তকারী সংস্থা’- NIA দায়ের করা মামলার আজ বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে এই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা। NIA -র করা এই মামলার প্রেক্ষিতে সব পক্ষকে নোটিশ দিতে বলেছে হাইকোর্ট।

উল্লেখ্য, ২০২২ সালে ভূপতিনগরের নাড়ুয়াবিলা গ্রামে তৃণমূলের ব্লক সভাপতি রাজকুমার মান্নার বাড়িতে বোমা বিস্ফোরণের অভিযোগ ওঠে। ঘটনায় তিন জনের

মৃত্যু হয়। আদালতের নির্দেশে ২০২৩ সালে ওই ঘটনার তদন্তভার হাতে নেয় NIA । গত শুক্রবার রাতে ওই গ্রামে তদন্তে যান সংস্থার আধিকারিকরা। স্থানীয় দুই তৃণমূল নেতাকে জিজ্ঞাসাবাদের জন্য গাড়িতে তোলার পরেই NIA-র গাড়িতে হামলা চালানো হয় বলে অভিযোগ। এক আধিকারিক আহত হন। এরপর পাল্টা NIA আধিকারিকদের বিরুদ্ধে মহিলাদের শ্লীলতাহানির অভিযোগ করে তৃণমূল।

এদিকে, ভূপতিনগরের এক বিজেপি নেতাকে গ্রেফতারের ঘটনায় পুলিশের রিপোর্টে কলকাতা হাইকোর্টের ক্ষোভ প্রকাশের পর আজ, বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে গতকাল হাজির হয়ে ক্ষমা চাইলেন ওই থানার ওসি। ওই মামলার তদন্ত থেকে'ও তাঁকে সরিয়ে দিয়েছে আদালত। এর পাশাপাশি অভিযুক্তদের বিরুদ্ধে ক'টি মামলা রয়েছে তা নিয়ে বিস্তারিত রিপোর্ট জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে পুলিশকে। জানা গেছে, তপন মিদ্যা সহ ২০ জন বিজেপি নেতা অভিযোগ করেন, কোনও FIR না থাকলেও পুলিশ তাঁদের গ্রেপ্তার করেছে। এ'ব্যাপারে আদালতের নির্দেশে গতকালই পুলিশ তাদের রিপোর্টে জানায়, ওই অভিযুক্তদের রক্ষাকবচ দিলে লোকসভা ভোটে প্রভাব পড়তে পারে। সেই রিপোর্ট দেখেই ক্ষুব্ধ হন বিচারপতি সেনগুপ্ত। ২৪ ঘণ্টার মধ্যে ওই রিপোর্টের ব্যাখ্যা দেওয়ার জন্য ভূপতিনগর থানার ওসিকে আদালতে তলব করেছিলেন বিচারপতি।

oooooooooooooooooooo

বিজেপি ভূপতিনগর থানার ওসিকে অবিলম্বে বদলি করার দাবি জানিয়েছে। বিজেপি নেতা শিশির বাজোরিয়া আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে চিঠি দিয়ে অভিযোগ করেন,ভূপতিনগর থানার ওসি গোপাল পাঠক কোন সার্চ ওয়ারেন্ট ছাড়াই বাহিনী নিয়ে বিজেপি বিধায়কের কার্যালয় ঢুকে এক বিজেপি নেতাকে গ্রেফতারের চেষ্টা করে। ওসির সঙ্গে যারা ছিলেন তারা পুলিশের পোশাকে ছিলেন না। তারা শাসকদলের ক্যাডার বলেও শ্রী বাজোরিয়া দাবি করেন। অবিলম্বে

ভূপতিনগর থানার ওসির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য শ্রী বাজোরিয়া দাবি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

অন্যদিকে, NIA-র এস পি ধনরাম সিং-কে দিল্লির সদর দপ্তরে ডেকে পাঠানো হয়েছে। ভূপতিনগরের সাম্প্রতিক ঘটনায় তদন্তের অগ্রগতির বিষয়ে জানতেই তাঁকে ডাকা হয়েছে বলে NIA সূত্রের খবর। তাঁর জায়গায় এসেছেন রাকেশ রোশন।

উল্লেখ্য, আদর্শ আচরণ বিধি বলবত থাকাকালীন কলকাতায় এই NIA-এস পির আপার্টমেন্টে গিয়ে আসানসোলের বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়াড়ি দেখা দেখা করেছিলেন এবং সেই সাক্ষাতে অর্থের হাতবদল হয় বলে অভিযোগ তৃণমূল কংগ্রেসের। তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী জানান।

(বাইট – অভিষেক)

০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। নিয়োগ দুর্নীতি মামলায় সরকারি পদে থাকা ব্যক্তিদের বিরুদ্ধে দুর্নীতি দমন আইনে চার্জশিট দিয়েছে সিবিআই। কিন্তু রাজ্য অনুমোদন না দিলে চার্জ গঠন করে বিচার শুরু করা যাচ্ছে না বলে অভিযোগ। রাজ্যের সিদ্ধান্ত জানাতে গতকাল পর্যন্ত সময় দিয়েছিল কলকাতা হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ।

গতকাল রাজ্য সরকারের আইনজীবী জানিয়েছেন, লোকসভা নির্বাচনের পরে অভিযুক্ত সরকারি আধিকারিকদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করার বিষয়ে অনুমোদন নিয়ে সিদ্ধান্ত জানানো হবে। মুখ্য সচিবের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করে ডিভিশন বেঞ্চ প্রশ্ন তোলে, নির্বাচনের সঙ্গে বিচার প্রক্রিয়ার কী সম্পর্ক? দেড় বছর ধরে অনুমোদনের অপেক্ষায় বিচার প্রক্রিয়া শুরু করা যাচ্ছে না। আগামী ৯ এপ্রিল

এব্যাপারে রিপোর্ট জমা দিতে না পারলে মুখ্যসচিবকে আদালতে হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হবে বলে জানায় আদালত।

oooooooooooooooo

২০১৪ সালের টেট পরীক্ষার উত্তরপত্র বা OMR সিটের ডিজিটাল প্রতিলিপি জমা দেওয়ার জন্য CBI-কে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। সেই তথ্য না পেলে ২০১৪-র টেট ও পুরো নিয়োগ প্রক্রিয়াই বাতিল করে দেওয়া হবে বলে জানিয়েছেন, হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা জানিয়েছেন।

oooooooooooooooo

শিক্ষক ও শিক্ষাকর্মীদের স্বেচ্ছা অবসরের নিয়মে পরিবর্তন আনতে চলেছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। এক বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, এবার থেকে স্বেচ্ছায় অবসর নিতে গেলে সরাসরি পর্ষদে আবেদন করলে সেই আবেদন গ্রাহ্য হবে না। বরং আবেদন করতে হবে জেলা বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে। এই নিয়ম কার্যকরী হবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষক-প্রধান শিক্ষকদের এবং শিক্ষাকর্মী সকলের ক্ষেত্রেই।

২০১৮ সালের আগে পর্যন্ত স্কুল শিক্ষা দফতরের কাছে এই আবেদন জমা পড়ত। কিন্তু পরে মধ্যশিক্ষা পর্ষদ নিয়োগকর্তা হওয়ায় সকলেই পর্ষদের কাছে আবেদন জানাতে থাকেন। সেই আবেদন এত পাহাড় প্রমাণ এসে জমা হচ্ছে যে পর্ষদের পক্ষে তা দেখে ওঠা সম্ভব হচ্ছে না। বহু ক্ষেত্রে নিয়মও মানা হচ্ছে না। তাই বিজ্ঞপ্তি জারি করে পর্ষদ জানিয়েছে, এই ধরনের স্বেচ্ছা অবসরের ক্ষেত্রে আগে স্কুলকে জানাতে হবে। এরপর স্কুল পরিচালন সমিতির সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করে, জেলা পরিদর্শকের কাছে জানাবে। সেখান থেকে নির্দিষ্ট নিয়ম মেনে তা পৌঁছবে মধ্যশিক্ষা পর্ষদের কাছে।

oooooooooooooo

জলপাইগুড়ি এলাকায় ঝরে ক্ষতিগ্রস্তদের নিয়ে তৃণমূল কংগ্রেসের তরফ থেকে দিল্লিতে কিছু বলা হয়নি বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী দাবি করেছেন। গতকাল এক সাংবাদিক সম্মেলনে অধীরবাবু ঝড়ে ক্ষতিগ্রস্তদের দায় প্রধানমন্ত্রী না মুখ্যমন্ত্রী কে নেবেন সে প্রশ্ন তোলেন । অধীর বাবু বলেন,প্রাকৃতিক দুর্যোগে দায়িত্ব পালন করা রাজ্যের কাজ। সেই দায়িত্ব রাজ্য সরকার পালন করছে কোথায়।

(বাইট – অধীর)

oooooooooooooooooo

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফসি-র মুখোমুখি হবে। দিল্লির জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে আজ খেলা শুরু হবে সান্ধ্য সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে এই মুহূর্তে ষষ্ঠ স্থানে আছে। প্লে অফে দৌড়ে থাকতে ইস্টবেঙ্গলকে এই ম্যাচ জিততেই হবে। সেইসঙ্গে অন্য ম্যাচের ফলাফলের ওপর নির্ভর করতে হবে।

ooooooooooooooooo

oooooooooooooooooo

ooooooooooooooooo